গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলার আইন- শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মঈনুল হক, উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
তারিখ : ২২/১০/২০২৪ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : 'বজ্রকণ্ঠ' উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পূর্ববর্তী মাসের কার্যবিবরণী পড়ে শুনানো হয়। কার্যবিরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সেপ্টেম্বর ২০২৪ মাসের এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করেন এবং মুক্ত আলোচনার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

২। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, সংঘটিত অপরাধ চিত্র :

উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র :

থানার নাম	মাসের নাম	ডাকাতি	রাহাজানি	অগ্নি সংযোগ	ধর্ষণ	সিঁধেল চুরি	চুরি	গবাদি পশু চুরি	খুন	দাঙ্গা হাঙ্গামা	অস্ত্র আইন	নারী ও শিশু নির্যাতন	মাদকদ্রব্য	বিস্ফোরক দ্রব্য	এসিড নিক্ষেপ	চোরা চালান	দ্রুত বিচার	অন্যান্য	মোট
টুঙ্গিপাড়া	আগস্ট/২০২৪	০	০	০	০	০	০	০	০	০	০	০২	০	০	০	০	০	০২	০৪
	সেপ্টেম্বর/২০২৪	০	০	০	০	০	০২	০	০	০	০	০	০	০	০	০	০	০৬	০৮

উপর্যুক্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট/২০২৪ মাসের চেয়ে সেপ্টেম্বর/২০২৪ মাসে মামলার সংখ্যা বেশি হয়েছে। অপরাধ প্রবনতা যাতে বৃদ্ধি না পায় এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী বিভাগসহ সকলকে অধিকতর সজাগ দৃষ্টি রাখতে ও তৎপর হতে অনুরোধ করেন।

০৩। উপজেলা আইন শৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনা :

ক) জনাব মোঃ রেজাউল করিম প্যানেল চেয়ারম্যান ০১, পাটগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। শান্তিপূর্ণভাবে দুর্গাপূজা উদ্‌যাপন করা হয়েছে। এলাকাতে মদ, গাঁজা এবং জুয়ার আসর বৃদ্ধি পেয়েছে। এ উপলক্ষে পুলিশী টহল জোরদারকরণে সভাপতিকে অনুরোধ জানান।

খ) জনাব শেখ ইশতিয়াক আহমেদ, প্যানেল চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। শান্তিপূর্ণভাবে দুর্গাপূজা উদ্‌যাপনে গ্রাম পুলিশ ও আনসার বাহিনী স্বতঃস্ফুর্ত কাজ করেছেন। তিনি কমিউনিটি পুলিশ ফোরাম সচল করার বিষয়ে সভাপতিকে অনুরোধ জানান।

CamScanner

গ) বঙ্গবন্ধু সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এঁর প্রধান শিক্ষক তিনি বলেন, স্কুল চলকালীন সময়ে বখাটে যুবকদের অফিস চত্বরে ঘোরাফেরা করা, সন্ধ্যার পরে মোবাইলে লুডু ও দাবা খেলা এবং আড্ডা দিতে দেখা য়ায়। এ অবস্থার প্রেক্ষিতে সভাপতির নিকট বিদ্যালয়ের নিরাপত্তা চেয়ে অনুরোধ করেছেন।

ঘ) খান সাহেব শেখ মোশাররফ হোসেন স্কুল ও কলেজ এঁর প্রধান শিক্ষক/অধ্যক্ষ বলেন, প্রতিষ্ঠানের বাউন্ডারির মধ্যে এসে কিছু উচ্ছৃঙ্খল যুবক ছাত্রীদেরকে বিরক্ত করেন এবং মদ ও গাঁজা সেবন করেন। এ অবস্থায় সভাপতির নিকট বিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা চেয়ে অনুরোধ করেন।

ঙ) অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা বলেন, গত মাসের তুলনায় এ মাসে মামলা তুলনামূলক বেশি হয়েছে। অপরাধের মধ্যে চুরি ০২ ও অন্যান্য ধারায় ০৬ টিসহ সর্বমোট ০৮ টি মামলা রুজু হয়েছে। তিনি বলেন যে, সকলকে সচেতন হতে হবে। অপরাধের মাত্রা

হ্রাস করতে সচেতনতা ছাড়া বিকল্প কিছু নেই। এছাড়া কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটার আগে থানায় জানানোর জন্য অনুরোধ করেন। এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।

সভাপতি বলেন, অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে সম্পৃক্তকরাসহ জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করতে হবে। মদ, গাঁজা, জুয়া ও বিভিন্ন অনৈতিক কার্যকলাপের তথ্য পেলে তাৎক্ষনিকভাবে নিম্নস্বাক্ষরকারী ও অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানাকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়াও তিনি অফিসার ইন চার্জ, টুঙ্গিপাড়া, চেয়ারম্যান (সকল) টুঙ্গিপাড়া এবং সভায় উপস্থিত সকলকে বলেন যে, টুঙ্গিপাড়া উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতির কোন অবনতি না হয় সে বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে।

সভাপতি পাটগাতী ও কুশলী ইউনিয়নের মাদক কারবারীদের হাতে নাতে ধরতে এবং এলাকার বখাটে/উচ্ছৃঙ্খল যুবকদেরকে প্রতিহত করতে পুলিশ টহল জোরদারকরণসহ তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান।

সভাপতি বলেন, চায়না দুয়ারী জাল এর ব্যবহার দিন দিন বেড়ে চলেছে। এ উপজেলায় চায়না দুয়ারি জাল ব্যবহার/বিক্রয় বন্ধ করতে সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা ও সকল চেয়ারম্যানগণকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

সভাপতি আরো বলেন, বাংলাদেশ সংবিধানের ২১ নং অনুচ্ছেদ অনুযায়ী আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, রাষ্ট্রীয় সম্পত্তির নিরাপত্তা বিধান করা ও সুনাগরিক হিসাবে অর্পিত দায়িত্ব পালন করা সকলের কর্তব্য। এ বিষয়ে সকলকে নিজ নিজ ভূমিকা অনুযায়ী অর্পিত দায়িত্বসমূহ সুচারুরূপে সম্পাদনের জন্য সকলকে অনুরোধ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

ক্র. নং	আলোচ্য বিষয়	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	মাদক, জুয়া নির্মূল	মাদক, জুয়া ও সন্ত্রাস নির্মূলের লক্ষ্যে টহল জোরদার করতে হবে। চিহ্নিত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ
০২.	চায়না দুয়ারি জাল ব্যবহার বন্ধ করা	এ উপজেলায় চায়না দুয়ারি জাল ব্যবহার/বিক্রয় বন্ধ করতে হবে। অবৈধ দখলকৃত মাছের ঘের বন্ধ করতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া (সকল)
০৩.	বাজার মনিটরিং	নিত্যপন্যের দাম স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং প্রতিবেদন প্রেরণ করতে হবে।	০১। উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। উপজেলা কৃষি কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০৩। উপজেলা কৃষি বিপনন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

CamScanner

০৪.	হেলমিটবিহীন মোটরসাইকেল চালনা	হেলমেটবিহীন চালক, নিয়মবর্হিভূত যাত্রীবহন, ওভারস্পীড, হাইড্রলিক হর্ণ এর ব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	০১। সহকারী কমিশনার (ভূমি), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ
০৫।	ইলিশ সংরক্ষণ অভিযান	১৩ অক্টোবর ২০২৪ তারিখ হতে ০৩ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ইলিশ আহরণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়	০১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০২। সিনিয়র মৎস কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ০৩। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ
০৬।	উত্যক্তাকারীদের বিরুদ্ধে টহল জোরদারকরণ	স্কুল কলেজ চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের আশেপাশে/রাস্তায় বখাটেদের উৎপাত নিয়ন্ত্রণে টহল জোরদার করতে হবে।	০১। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে দেশপ্রেমের মহান আদর্শে উজ্জীবিত হয়ে দায়িত্বশীলতার পরিচয় দেবার অনুরোধ জ্ঞাপণপূর্বক সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২৪

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৩৫৯১.০০৬.২৯.০০৬.২১-৭৬১

তারিখ: ০৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৩। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
৪। প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৫। অফিসার ইন-চার্জ, টুঙ্গিপাড়া থানা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৬। উপজেলা ....কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৭। চেয়ারম্যান.......................................ইউপি (সকল), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
৮। জনাব ....টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

২২/১০/২৪

উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

CS CamScanner